

# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 04 April, 2025

সামাজিক যোগাযোগমাধ্যমে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন তথ্য প্রচারের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী মো: জয়নাল আবেদিন। তিনি নেত্রকোণার দুর্গাপুর উপজেলার গাওকান্দিয়া ইউনিয়নের উত্তর বিশ্বনাথপুর গ্রামের বাসিন্দা। ব্যবসাসূত্রে তিনি ঢাকায় বসবাস করেন।

শুক্রবার বিকেলে তিনি দুর্গাপুর সাংবাদিক সমিতির কার্যালয়ে এই সংবাদ সম্মেলন করেন। এসময় লিখিত বক্তব্য পাঠ করেন তিনি।

লিখিত বক্তব্যে জয়নাল আবেদিন বলেন, গত রবিবার (৩০ মার্চ) ইউটিউবের 'নিউ ইসলামিক' নামক একটি চ্যানেল এবং ফেসবুক আইডি 'আব্দুল মজিদ' ও 'মন আকাশের তারা' থেকে তার বিরুদ্ধে একটি কুচক্রী মহল প্রপাগান্ডামূলক ভিডিও ও বিস্ময়কর তথ্য ছড়াচ্ছে। তিনি বলেন, আমার ভাবমূর্তি ক্ষুণ্ণ করার জন্য এরকম মিথ্যা, বানোয়াট তথ্য ছড়িয়ে জনমনে বিস্ময় ছড়ানো হচ্ছে।

ভুক্তভোগী জয়নাল আবেদিন আরো বলেন, এসব মিথ্যা ও উদ্দেশ্যমূলক প্রচারণার কারণে আমি সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হয়েছি। আমার মানসিক অবস্থা ভেঙে পড়েছে এবং পরিবারও চরম উদ্বেগে রয়েছে। এই অপপ্রচারের মাধ্যমে কারা কি উদ্দেশ্যে আমাকে টার্গেট করেছে, তা বোধগম্য নয়।

তিনি বলেন, আমি এ ব্যাপারে খুব শিগগিরই আইনগত ব্যবস্থা গ্রহণ করব। একই সাথে আমি অপপ্রচারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, আপনাদের সামনে এসে আমি নিজের অবস্থান পরিষ্কার করলাম। আমি চাই এই অপপ্রচারের বিরুদ্ধে গণমাধ্যমের সহায়তা নিয়ে আমি যেন আমার সামাজিক মর্যাদা ফিরে পেতে পারি।

এই সংবাদ সম্মেলনে স্থানীয় এলাকাবাসী উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলন,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:53

URL: <https://www.timestodaybd.com/public/mymensingh/293775807>